# নিবেদন

মতিচূরের কোন কোন পাঠকের সমালোচনায় জানা যায় যে, তাঁহারা মনে করেন, মতিচূরের ভাব ও ভাষা অন্যান্য খ্যাতনামা গ্রন্থকারদের গ্রন্থ হইতে গৃহীত হইয়াছে। পূর্ববর্তী কোন কোন পুস্তকের সহিত মতিচূরের সাদৃশ্য দর্শনে পাঠকদের ওরূপ প্রতীতি হওয়া অস্বাভাবিক নয়।

অপরের ভাব কিম্বা ভাষা স্বায়ত্ত করিতে যে সাহস ও নিপুণতার প্রয়োজন, তাহা আমার নাই। সুতরাং তাদৃশ চেষ্টা আমার পক্ষে অসম্ভব। কালীপ্রসন্ন বাবুর 'ভ্রান্তিবিনোদ' আমি অদ্যাপি দেখি নাই, এবং বঙ্কিম বাবুর সমুদয় গ্রন্থ পাঠের সুযোগও প্রাপ্ত হই নাই। যদি অপর কোন গ্রন্থের সহিত মতিচূরের সাদৃশ্য ঘটিয়া থাকে, তাহা সম্পূর্ণ দৈব ঘটনা।

আমিও কোন উর্দু মাসিক পত্রিকায় কতিপয় প্রবন্ধ দেখিয়া চমৎকৃত হইয়াছি —উক্ত প্রবন্ধাবলীর অনেক অংশ মতিচূরের অবিকল অনুবাদ বলিয়া ভ্রম জন্মে। কিন্তু আমার বিশ্বাস, সে প্রবন্ধসমূহের লেখিকাগণ বঙ্গভাষায় অনভিজ্ঞা।

ইংরাজ মহিলা মেরি করেলীর 'ডেলিশিয়া-হত্যা' (The Murder of Delicia) উপন্যাসখানি মতিচূর রচনার পূর্বে আমার দৃষ্টিগোচর হয় নাই; অথচ তাহার অংশবিশেষের ভাবের সহিত মতিচূরের ভাবের ঐক্য দেখা যায়।

এখন প্রশ্ন হইতে পারে, কেন এরূপ হয়? বঙ্গদেশ, পাঞ্জাব, ডেকান (হায়দরাবাদ), বোম্বাই, ইংলণ্ড—সর্ব্বত্র হইতে একই ভাবের উচ্ছ্বাস উত্থিত হয় কেন? তদুত্তরে বলা যাইতে পারে, ইহার কারণ সম্ভবতঃ ব্রিটীশ সাম্রাজ্যের অবলাবৃন্দের আধ্যাত্মিক একতা!

কতিপয় সহৃদয় পাঠক মতিচূরে লিখিত ইংরাজী শব্দ ও পদের বাঙ্গালা অর্থ না লেখার ত্রুটি প্রদর্শন করিয়াছেন। এবার যথাসম্ভব ইংরাজী শব্দসমূহের মর্মানুবাদ প্রদত্ত হইল। যাঁহারা মতিচূরে যে কোন ভ্রম দেখাইয়া দিয়াছেন, তাঁহাদের নিকট আমি কৃতজ্ঞ আছি।

মতিচূরে আর যে-সকল ত্রুটি আছে, তাহার কারণ লেখিকার বিদ্যাবুদ্ধির দৈন্য এবং বহুদর্শিতার অভাব। গুণগ্রাহী পাঠক-পাঠিকাগণ তাহা মার্জনা করিবেন, এরূপ আশা করা যায়।

বিনীতা
গ্রন্থকর্ত্রী।

## বিজ্ঞাপন

দ্বিতীয় খণ্ড মতিচূরের রচনাসমূহ পূর্বে "নবনূর," "ভারত-মহিলা", "আল্ এসলাম", "সওগাত" এবং "বঙ্গীয় মুসলমান সাহিত্য-পত্রিকা" প্রভৃতি প্রসিদ্ধ মাসিক পত্রিকায় অতি সাদরে প্রকাশিত হইয়াছিল। লেখাগুলির বিরুদ্ধে পাঠক পাঠিকা সমাজের কোন উচ্চবাচ্য শ্রুতিগোচর হইয়াছে বলিয়া মনে পড়ে না।

এবার কোন কোন রচনা সংশোধিত ও পরিবর্ধিত হইয়াছে। "ডেলিশিয়া-হত্যা" ইংরাজী হইতে এবং "নূর-ইসলাম" উর্দু হইতে অনূদিত হইয়াছে। "নারী-সৃষ্টি"ও ইংরাজীর আংশিক অনুবাদ। "সুলতানার স্বপ্ন" পূর্বে ইংরাজীতে রচিত হইয়াছিল। ইংরাজী-অনভিজ্ঞা পাঠিকা ভগিনীদের আগ্রহাতিশয্যে উহার বাংলা করা গিয়াছে। "মুক্তিফল" বিগত ১৯০৭ খ্রীস্টাব্দের কংগ্রেস-ভঙ্গের পর রচিত হইয়াছিল ; এবার কিঞ্চিৎ পরিবর্ধন করা গিয়াছে।

জাফ। প্রথম বেঞ্চে বসিয়া বিশ্রাম করিতেছিলাম। তথা হইতে সমস্ত কারসিয়ঙ্গ শহরটা ত বেশ দেখা যায়। বাজার ষ্টেশন, কিছুই বাদ পড়ে না।

নূরজাহাঁ। হ্যাঁ, ঐখানে বসিলে ধরা খানা সরা তুল্য বোধ হয়!

গওঃ। আর যেদিন ইঁহারা পদব্রজে 'চিমনী সাইড' * পর্যন্ত আরোহণ ও তথা হইতে অবতরণ করিয়াছিলেন, সেদিন ইঁহাদের যে আনন্দ হইয়াছিল!— সম্ভবতঃ পোর্ট আর্থার এবং বালটিক ফ্লীট জয় করিয়াও জাপানীদের তত উল্লাস হয় নাই!!

নূর। জাপানীরা তত উল্লসিত হইবে কি রূপে? তাহাদের কার্য এখনও যে শেষ হয় নাই। আর আমরা ত পদব্রজে ১২ মাইল ভ্রমণের পর গন্তব্য স্থানে পৌঁছিয়াছিলাম!

জাফ। এখন বাকী আছে শ্রীমতীদের বেলুন আরোহণ করা!

গও। সময়ে তাহাও বাকী থাকিবে না!

জাফ। তুমি সপরিবারে ইংলণ্ড যাইবে কবে?

গও। যখন সুবিধা হইবে।

জাফ। হুঁ—কন্যাগুলি অক্‌স্‌ফোর্ড বিদ্যালয়ে শিক্ষাপ্রাপ্ত হইয়া এক একটি উজ্জ্বল নক্ষত্র হইবে! সাধে কি তোমাদের সৌরজগৎ বলি? তোমার দুহিতা কয়টি গ্রহ, আর তুমি সূর্য! উহাদের নামও ত এক একটি তারকার নাম—মুশ্‌তরী, জোহ্‌রা, সুরেয়া!* তবে কেবল মঙ্গল, বুধ, শনি এ নামগুলি বাদ দেওয়া হইয়াছে কেন?

নূর। ভাই! তোমার নিজেরা ঝগড়া করিতে বসিয়া মেয়েদের নাম লইয়া বিদ্রূপ কর কেন? আর এ নাম ত আমরা রাখি নাই, স্বয়ং কর্তা রাখিয়াছেন। তাঁহার পৌত্রীদের নাম, তিনি যেরূপ ইচ্ছা রাখিবেন, তাহাতে আমাদের কিছু বলিবার অধিকার কি?

জাফরকে আরও অধিক ক্ষেপাইবার জন্য গওহর বলিলেন, "কেবল ইংলণ্ড কেন, আমেরিকা যাইবারও ইচ্ছা আছে,—কওসর 'নায়েগারা ফলস্‌ 'দেখিতে চাহে।"

জাফ। তোমার এ সাধ অপূর্ণ থাকিবে। কওসরকে আর 'নায়েগারা' প্রপাত দেখাইতে হইবে না।

* চিম্‌নী সাইড, স্থান বিশেষ; তথায় চায়ের কারখানায় এক প্রকাণ্ড চিমনী নির্মিত হইয়াছিল। সাধারণের বিশ্বাস সেই চিমনীর নিকটবর্তী স্থানই কারসিয়ঙ্গের সর্বোচ্চ স্থান।

* অর্থাৎ বৃহস্পতি, শুক্র ও কৃত্তিকা নক্ষত্র।

# মিসেস্ আর. এস্. হোসেন

## কাজী আবদুল ওদুদ

মিসেস আর. এস্. হোসেন আমাদের সমাজে একটি জ্যান্ত মানুষ। আমার মনে হয়, তাঁর 'মতিচুর' তাঁর স্কুলের চাইতে মোটেই কম গৌরবের নয়।

বাস্তবিকই মিসেস আর. এস. হোসেন একজন সত্যিকার সাহিত্যিক। তাঁর একটা বিশিষ্ট Style আছে; সেই Style-এর ভিতর দিয়ে ফুটেছে তাঁর তীক্ষ্ণদৃষ্টি আর কাণ্ডজ্ঞান, আর বেদনা-ভরা অথচ মুক্তি-অভিসারী মন। অবশ্য compromise-ও তাঁর জীবনে ও রচনায় কম নেই; কিন্তু সে compromise ফন্দিবাজের compromise নয়, সে compromise তাঁর নারীর নমনীয়তা ও স্নেহ— বড় স্বাভাবিক।

জীবিত ও মৃত বুড়োদের মধ্যে সত্যিকার মুসলমান সাহিত্যিক সংখ্যায় অতি অল্প— মীর মোশার্‌রফ হোসেন, পণ্ডিত রেয়াজউদ্দীন, কায়কোবাদ, কাজী ইমদাদুল হক ও মিসেস আর. এস. হোসেন। এঁদের মধ্যে কাল মিসেস্ আর. এস. হোসেনকে বোধ হয় সর্বশ্রেষ্ঠ আসন দেবে। শুধু মুসলমান সাহিত্যিক-দের মধ্যে নয়, গোটা বাংলার নারী সাহিত্যিকদের মধ্যে মিসেস্ আর. এস. হোসেনের স্থান অতি উচ্চে— সর্বোচ্চে কিনা, তা এখন পুরোপুরি বলতে পারছি না, কিন্তু সময় সময় তাই মনে হয়। এমন একটা মার্জিত অথচ প্রতিভা-দীপ্ত চিত্ত বাংলাদেশে দুষ্প্রাপ্য না হলেও সুপ্রাপ্য নয়।

মাসিক সঞ্চয়
অগ্রহায়ণ, ১৩৩৬

## দরদী আম্মা

### শাহাদাৎ হোসেন

রাতের বোরকা তখনো খসেনি, মিনারে মোয়াজ্জিন
সুবে-উম্মেদ তখনো ঘোষেনি—জাগেনি কো আরেফিন।
নিঁদ-মহলার বন্ধ দুয়ারে তখনো স্বপন-দ্বারী
আগুলি' আগল তন্দ্রা-বিভোল ছিটায় রঙের ঝারি।
কুলায়-নিলয়ে কল-বিহঙ্গ তখনো কূজনহারা,
উদয়-অচলে জড়ায়ে কুহেলী রূপালী তিমির-পারা।
সহসা বজ্র-নিপাতে ফাটিল ক্রন্দন-কলরোল—
বাংলা মায়ের দুলালী রোকেয়া ছেড়ে' গেছে মা'র কোল।
মূরছি' পড়িল গুণ্ঠিত উষা প্রাচী'র তোরণ-মূলে,
ফাটা-কলিজার তাজা খুন-ধারা ছুটিল উদয়-কূলে।
দীর্ণকণ্ঠে মোয়াজ্জিনের ক্রন্দন হাহাকারে
আকাশ-রন্ধ্রে কাঁপিল আজান আর্ত বেদনা-ভারে।
কোটি কণ্ঠের আহাজারি রোল মাতমের হাহাকার
শূন্য বিমান কাঁপায়ে ধ্বনিল, অশ্রুর পারাবার
দুলিয়া উঠিল নব-কারবালা-প্রান্তর-বুকে আজ;
নিরমম কাল হরিল মায়ের মাথার মানিক-তাজ।

সে যে নারী-মণি আলোর নায়িকা তিমির-পদ্মে অলি,'
লক্ষ্যের পথে দেখালো আলোক শত বাধা পথে দলি'।
কুশ-কন্টক কাটিয়া রচিল কুসুমের পথ-রেখা,
বুকের শোণিত-আখরে লিখিল যুগের জীবন-লেখা।
যুগ-যুগান্ত বন্দিনী নারী রুদ্ধ প্রাচীর-পুরে
ফরিয়াদ করে উর্দ্ধে চাহিয়া আর্ত করুণ সুরে।
সপ্ত তবক আসমান ভেদি' সে কাঁদন করুণার
আরশ কাঁপায়ে তুফানে জাগালো রহমের পারাবার।

মাভৈঃ-মন্ত্রে বরাভয় ঘোষি', প্রাচী'র উদয়-মূলে
মুক্তির দূতী নামিল রোকেয়া যুগের কেতন তুলে'।
অশ্রু-সায়রে হাসির কমল ফুটিল ক্রন্দসীর,
খসিয়া পড়িল অবরোধ-রোধে জুলুমের জিঞ্জীর।
পিঞ্জরে-বাঁধা গতিহারা পাখী চাহিল সমুখে ফিরে,'
স্ফুরিত কিরণে দাঁড়ালো আসিয়া মুক্ত আলোর তীরে।
লাজ-সঙ্কোচে চির-আনমিতা সাহসে তুলিল শির,
কুণ্ঠিত ভাষা মুক্তি-মুখর—কণ্ঠে বন্দিনীর।
ধ্বসিয়া পড়িল আলো-সংঘাতে অন্ধ-সংস্কার;
গলিত শবের পচা কঙ্কালে জীবনের সঞ্চার।
জড়ে জাগরণ, মূক সে মুখর, অসহায়া দুর্ব[illegible]
পুষ্পিত ব্যথা-শতদলে জাগে সাহসিকা কুণ্ডলা।
বিস্ময়-হত হেরিল মানব নবযুগ-অভিযান—
বিজয়-মন্ত্রে ফুটিল দীপকে রুদ্ধ ব্যথার গান।

কাঁদে মজ্‌লুমা ব্যথার কমল অশ্রু-সায়র-তীরে
শত বন্ধনে বাঁধা জালেমের জুলুমের জিঞ্জিরে,—
দেখেছিলে তুমি দরদী আম্মা মমতার আঁখি তুলে';
ক্ষুব্ধ বেদনে তুফানে দরিয়া জাগিল মরম-কূলে।
জাগর-শঙ্খে যুগের জননী জাগাইলে আহ্বান—
রুদ্ধ প্রাচীর সে-অবরোধের ভেঙে' চুরে' খান্‌খান্‌।
ছোটে বন্দিনী শৃঙ্খল ছিঁড়ি' তোমার পতাকা-মূলে
নব-প্রভাতের অরুণ-আলোকে জ্ঞান-সিন্ধুর কূলে।
দীপ্ত দীপিকা জ্বালিলে মরমে, শিখা সে বহ্নিমান্‌
ভস্মিত পাপ অজ্ঞতা-তাপ—জুলুমের অবসান।
অলখে' বসিয়া মারণ-অস্ত্র হানিল তোমার বুকে,
কুসুমের ঘাত সহিলে জননী অবহেলে হাসি-মুখে।
ক্ষুব্ধ গরজে উগরিল বিষ পয়োমুখ বিষধর
গণ্ডুষে শুষি' দিলে নাগবালা বরাভয় মন্তর।

## দুঃসাহসিকা

### গোলাম মোস্তফা

আঁধার রজনী, নিদ্রিত পুরী, নাহি জন-কোলাহল ;
মরণ-তন্দ্রা বিছায়েছে তা'র শিথিল নীলাঞ্চল।
দুর্যোগ-রীতি, নিভিয়া গিয়াছে শিয়রের দীপশিখা ;
ঘরে ঘরে আজি জাগিতেছে শুধু মৃত্যুর বিভীষিকা।
এ গভীর রাতে কে তুমি জননী, কল্যাণ-দী[illegible]ল'
এই বাংলার নিঁদ-মহলার তিমির-দুয়ারে এলে [illegible]
মৃত্যু-মলিন আঁধার-কক্ষে করিলে আলোকপাত,
অভয়-মন্ত্র ফুকারি' কণ্ঠে দ্বারে দিলে করাঘাত ?
আকুল আবেগে ডাকিয়া কহিলে নিদ্রিত সন্তানে—
"ওরে ওঠ্ তোরা, ঘুমাস্ নে আর, জেগে ওঠ্ নব প্রাণে।
দিবসে আলোর দীপালি জ্বালিয়া রাতে কি ঘুমাবি আজ ?
কান পেতে শোন্—বাহিরে বিশ্বে চলিছে কুচ্‌কাওয়াজ।
দলে দলে ওই চলে বীরদল জ্বালিয়া মশাল-বাতি,
নব-প্রভাতের আশায় তাহারা পোহাইছে দুখ-রাতি।
তোরাও আয় রে, যোগ দে' সে নব-জীবনের সাধনায়,
নিদ্রা মিথ্যা, ভুলিস্ নে আর মিছে তার ছলনায়।"

সাড়া দিল না কো কেহ সেই ডাকে—সে আকুল আহ্বানে,
জননী টানিছে এক দিকে, আর মরণ ওদিকে টানে।
কেহ জাগে, কেহ জাগিয়া ঘুমায়, কেহ ধীরে মেলে আঁখি,
ধিক্কার দেয় কেহ জননীরে ঘুমঘোরে থাকি' থাকি'।
সন্তান ভোলে জননীরে, তবু জননী ভোলে কি তায় ?
প্রাণ কাঁদে তার স্নেহ-মমতায়—কল্যাণ-কামনায়।

তাই কি জননী বিপুল ব্যথায় ভরিল তোমার প্রাণ ?
ভুলে গেলে তুমি আমাদের যত অনাদর অপমান।
শুচিসুন্দর শুভ্রবসনা তপস্বিনীর প্রায়
বসিলে গহন রাতের আঁধারে আলোর তপস্যায় ?
ঘুমায় পুত্র, ঘুমায় কন্যা,—সজাগ প্রহরী-সম
দরদী জননী শিয়রে জাগিয়া। দৃশ্য এ অনুপম।

জননী তোমার সে-মহাসাধনা বিফল হয় নি আজ.
জেগেছি আমরা, লভেছি চেতনা, পরেছি নূতন সাজ।
এই [illegible]া কোথা তুমি আজ ? জেগে দেখি তুমি নাই।
তোমার [illegible]ভাব সবার হৃদয়ে বেদনা হানিছে তাই।
নয়ন ভরিয়া তোমারে আজিকে দেখিতে পরাণ চায়,
শত শ্রদ্ধায় সারা প্রাণ আজি লুটাতে চায় ও-পা'য়।
কুন্ঠিত অবগুন্ঠিত ওই বোরকায়-ঢাকা মুখ
খুলে ফেল মা গো। দেখিয়া মোদের ভ'রে যাক সারা বুক।

আজি আলোকের উৎসব চলে মোদের ভুবন ভরি',
সেই উৎসব-মাঝারে আজিকে তোমারে স্মরণ করি।
হে চির-দরদী। ওই বুকে তব কোথা পেলে এত ব্যথা ?
হেরেমের তলে কেমনে পশিল আলোকের এ-বারতা ?
কণ্টক-ভরা বন্ধুর পথ, তিমির-গহন রাতি,
নিষেধের শত বাধা-বন্ধন, সাথে নাই কেহ সাথী,
তবু সেই পথে বাহির হইলে, ওগো দু:সাহসিকা।
জাগাতে তোমার প্রিয় সন্তানে, হাতে ল'য়ে দীপশিখা।
না-চলা পথের অগ্রপথিক, ওগো নারীকুল-রাণী।
চির-দুর্জয় সাহসেরে তব আজিকে ধন্য মানি।
এই যে অসীম আলোর পিয়াসা, এই যে আত্মত্যাগ,
মুক্তির লাগি এই কুতূহল—এ গভীর অনুরাগ,—

হে জননী ! চির-অনুপমা তুমি পুণ্যে ও মহিমায়,
তুমি আমাদের খালেদা খানম নব্য এ-বাঙলায় ।
চাঁদ সুলতানা তুমি এ-যুগের, অসীম সাহস প্রাণে
একা দাঁড়াইয়া যুঝিয়াছ তুমি আঁধারের অভিযানে ।
তাপসী 'রাবেয়া', তারও চেয়ে তুমি সাধনায় যে গো দড়,
ধর্মের চেয়ে জ্ঞানের সাধনা সহস্র গুণ বড় ।
তুমি আমাদের নূতন 'খোদেজা'—সর্বপ্রথমা নারী,
আলোর অমিয় পান করিল যে ভরিয়া হৃদয়-ঝারি ।
আজিকে মোদের নব-প্রগতির জয়-যাত্রার ভালে
পরাইয়া [illegible] তুমি রাজটিকা রহিয়া অন্তরালে ।
[illegible]ীর [illegible] পেয়েছিল প্রাণ ইসলাম দুনিয়ায়,—
মোরাও লভিব নব প্রাণ তব স্পর্শের মহিমায় ।

আজি মনে পড়ে, জীবনের তব অস্ত-সন্ধ্যাবেলা
ব্যোমযানে তুমি উঠেছিলে—করি' সব বাধা অবহেলা ।
কী খেয়াল তব জেগেছিল মনে, হেরেম-বাসিনী নারী,
তব তিরোধানে এখন সে-কথা বুঝিতে আমরা পারি ।
শিল্পী যেমন শিল্প রচিয়া দূর হ'তে চেয়ে' দেখে—
তুমি সেই মতো তব কীর্তির নিয়ে এলে ছবি এঁকে' ।
দেখে এলে অতি-উর্ধ্ব হইতে মেলি' তব দু'নয়ন—
এসেছে মোদের জাতির জীবনে কতটুকু স্পন্দন ।
নব-প্রভাতের অরুণ-আলোর চল-চরণের ধ্বনি
আকাশের পথে কর্ণে তোমার ওঠেছিল কি গো রণি' ?
শুনেছিলে কি গো নবীন যুগের জয়যাত্রার ভেরী,
বুঝেছিলে কি গো—প্রভাতের আর অধিক নাহি ক দেরী ?
পৌঁছায়ে দিয়ে নিখিল জাতিরে প্রভাতের দরজায়
দিবসের আলো না ফুটিতে তাই চ'লে গেলে কি গো, হায় !
আজি বাংলার মুসলিম যে গো হয়েছে মাতৃহীন,
বেদনায় শোকে সবার চিত্ত তাই আজি গমগীন্ ।

যাও মাতঃ, তব পুণ্য স্মিরিতি চিরকাল র'বে মনে,
শক্তিরূপিনী তুমি বিদ্যুৎ জাতির জড়-জীবনে।
নাই বা থাকিলে তুমি দুনিয়ায়, ক্ষতি কি তাহাতে আর?
তুমি বেঁচে র'বে মোদের ধেয়ানে অলক্ষ্যে সবাকার।

নব-প্রভাতের অরুণ-আলোকে জাগিব আমরা যবে
মুখর হইবে মোদের ভবন আনন্দ-কলরবে,
বোন এসে যবে মধুর হাসিয়া দাঁড়াবে ভাইয়ের পাশে,
সঙ্গিনী যবে চলিবে সঙ্গে অপূর্ব উল্লাসে,
শীতের কুহেলী-পর্দা ঠেলিয়া নব-বসন্ত য[illegible]
আসিবে মোদের জীবন-কুঞ্জে অপরূপ গে[illegible]
নব-জীবনের স্পন্দনে যবে ভ'রে যাবে সারা প্রাণ,
বুলবুল যবে গাহিবে আবার মাতায়ে গুলিস্তান,
সেই পুলকের মাঝারে, জননি, তোমারে আমরা পা'ব,
সেই দিন সবে প্রাণ খুলে মোরা তোমার মহিমা গা'ব

মাসিক মোহাম্মদী
মাঘ, ১৩৩৯।